

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৪/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ আবদুল আলীম
চীফ রিপোর্টার, অপরাধ বিচিত্রা
মডার্ণ ম্যানশন
৫৩ মতিঝিল বা/এ, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব মোঃ শাহ আলম চৌধুরী
পরিচালক (৫)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ২১-০৩-২০১৬ ইং)

অভিযোগকারী ০৩-১১-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ শাহ আলম চৌধুরী, পরিচালক (৫) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন- নিম্ন বর্ণিত বহুতল ভবনগুলো রাজউক এর নিয়ম ভঙ্গ করে নির্মিত হচ্ছে বলে দৃশ্যমান। নির্মাণাধীন বহুতল ভবনগুলো চারপাশে কী পরিমাণ জায়গা ছাড়ার কথা ও বাস্তবে কী পরিমাণ জায়গা ছেড়েছে, কতো তলার অনুমোদন নিয়ে কতো তলা নির্মিত হচ্ছে এবং রাজউক থেকে কী কী শর্তে অনুমোদন নিয়েছে তার তথ্য।

- ক) ৫৬, ধলপুর, উত্তর যাত্রাবাড়ী, ঢাকা এর দক্ষিণের ভবন(হোল্ডিং নং নাই)।
- খ) মিমিশা টেলিকম, ২৪ ধলপুর, উত্তর যাত্রাবাড়ী, ঢাকা এ উত্তরে (হোল্ডিং নং টাঙ্গানো নেই) কর্তৃক নির্মাণাধীন ভবন।
- গ) ১/১/কে-২, উত্তর যাত্রাবাড়ী, সুতিখালপাড়, ঢাকা ঠিকানায় নির্মাণাধীন ভবন।
- ঘ) ৯৩/১১/গ/১, পূর্ব ধলপুর, যাত্রাবাড়ী, ঢাকা এর দক্ষিণে (হোল্ডিং নং টাঙ্গানো নেই) নির্মাণাধীন ভবন।
- ঙ) আবদুস সোবহান, ৭৬/২/ই/১১/এ, বিবির বাগিচা, উত্তর যাত্রাবাড়ী, ঢাকা ঠিকানায় নির্মাণাধীন ভবন।
- চ) ৭৬/২/ই/১০/১/এ, বিবির বাগিচা, উত্তর যাত্রাবাড়ী, ঢাকা এর পাশের নির্মাণাধীন ভবন (হোল্ডিং নং টাঙ্গানো নেই)।
- ছ) ৭৬/খ, বিবির বাগিচা, গেট নং-২ উত্তর যাত্রাবাড়ী, ঢাকা এর পাশের নির্মাণাধীন ভবন (হোল্ডিং নং টাঙ্গানো নেই)।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে ১৪-১২-২০১৫ তারিখে জনাব জি এম জয়নাল আবেদীন ভূইয়া, চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১২-০১-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২১-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী তথ্য পেয়ে গেছেন মর্মে কমিশনে বিবৃতি প্রদান করেন। তথাপি কমিশনের নিকট প্রদত্ত তথ্য পূর্ণাঙ্গ এবং সঠিক মর্মে প্রতীয়মান না হওয়ায় পূর্ণাঙ্গ এবং সঠিক তথ্য প্রদান করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পূর্ণাঙ্গ এবং সঠিক তথ্য প্রদান করার জন্য তথ্য কমিশনের কাছে ১৫ দিন সময় প্রার্থনা করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে যথাসময়ে তথ্য সরবরাহ করেন নি বিধায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে সতর্ক করা হয় এবং অভিযোগকারীর প্রার্থীত তথ্য ১৫ দিনের মধ্যে সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে ০৫-০৪-২০১৬ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জনাব মোঃ শাহ আলম চৌধুরী, পরিচালক (৫) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার

[বে.স]